ইত্তেফাক

8 MAY 2017
7 ... 8

# মুক্তাগাছায় এখনো ফল পাননি এসএসসি পরীক্ষার্থীরা !

## ফলাফল আনতে ঢাকায় তিন শিক্ষক

■ মুক্তাগাছা (ময়মনসিংহ) সংবাদদাতা

জেলার মুক্তাগাছায় দুইটি স্কুলের ১২৪ জন এসএসসি (ভকেশনাল) পরীক্ষার্থী এখনো ফল জানতে পারেনি। এদিকে তাদের ফল আনতে ঢাকায় কারিগরি শিক্ষা বোর্ডে পৌঁছেছেন তিন শিক্ষক। গত রবিবার ওই শিক্ষকদের সূত্রে এ তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গত ৪ মে সারাদেশে একযোগে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হলেও মুক্তাগাছায় দুইটি স্কুলে ১২৪ জন শিক্ষার্থী তা পাননি। এর মধ্যে রাম কিশোর মডেল উচ্চ বিদ্যালয়ের ৭৮ জন এবং পদুরবাড়ি উচ্চ বিদ্যালয়ের ৪৬ জন।

ঢাকায় শিক্ষা বোর্ডে অবস্থানরত ওই দুই স্কুলের শিক্ষক নজরুল ইসলাম, মিজানুর রহমান ও রবিউল আলম ইত্তেফাককে বলেন, ওই পরীক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল (বাস্তব) প্রশিক্ষণের ফলাফল ছয় সপ্তাহের মধ্যে জমা দেওয়ার বিধান ছিল; সে অনুযায়ী আমরা কেন্দ্র সচিব মুক্তাগাছা নগেন্দ্র নারায়ণ পাইলট স্কুলের প্রধান শিক্ষক আশুতোষ সরকারের মাধ্যমে জমা দেই। এ বিষয়ে আশুতোষ সরকার জানান, প্রাপ্ত ফলাফল বোর্ডে পাঠানো হয়েছে।

পরীক্ষার্থী রিয়াদ, আলামীন, পাপ্পু ও তাদের অভিভাবকরা জানান, তাদের সঙ্গে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থী ফল পেয়েছে। তারা এখনও ফল না পাওয়ায় হতাশায় ভুগছেন। ঢাকায় অবস্থানরত রাম কিশোর উচ্চ বিদ্যালয়ে ভকেশনাল শিক্ষক মিজানুর রহমান জানান, সারাদেশে ২১টি স্কুলে এ সমস্যা হয়েছে। এখন ফল নিয়ে আসবো এ প্রতীক্ষায় বোর্ডে অবস্থান করছি।